

যুগান্তর

বেরোবি'র ১১তম প্রতিষ্ঠাবার্ষিকীতে বর্ণাঢ্য শোভাযাত্রা

প্রকাশ : ১৭ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 বেরোবি প্রতিনিধি

বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্যদিয়ে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ১১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে। বুধবার সকাল ১০টায় বর্ণাঢ্য শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. নাজমুল আহসান কলিমউল্লাহর নেতৃত্বে ক্যাম্পাস থেকে বের হয়।

শোভাযাত্রায় উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন প্রফেসর ড. সরিফা সালোয়া ডিনা, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মো. মোরশেদ হোসেন, গণিত বিভাগের প্রফেসর ড. মো. তাজুল ইসলাম, ড. আরএম হাফিজুর রহমান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট (চলতি দায়িত্ব) তাবিউর রহমান প্রধান, শহীদ মুখতার ইলাহী হলের প্রভোস্ট (চলতি দায়িত্ব) শাহীনুর রহমান, প্রক্টর (চলতি দায়িত্ব) আতিউর রহমান প্রমুখ। এদিকে বিকালে বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উল্লেখ্য, এর আগে ১২ অক্টোবরে প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচিতে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহীয়সী নারী বেগম রোকেয়ার প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন, জন্মদিনের কেক কাটা, বৃক্ষরোপণ এবং দোয়া মাহফিলের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ে দুর্গাপূজা এবং লক্ষ্মীপূজার ছুটির কারণে এবারের প্রতিষ্ঠাবার্ষিকী আলাদা দুই দিনে উদযাপন করা হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।